৯০

দৈনিক বাংলা

তারিখ 18 AUG 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

# ঢাকা ভার্সিটির ভাবমূর্তি অক্ষুণ্ন রাখুন ঃ ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ পরীক্ষা পিছানোর দাবী থেকে বিরত থেকে বিশ্ববিদ্যালয়ে একাডেমীক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সহযোগিতা করার জন্য ছাত্র–ছাত্রীদের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য সমুন্নত রাখার লক্ষ্যে প্রকৃত জ্ঞানার্জনে আত্মনিয়োগ করার জন্য ছাত্র–ছাত্রীদের প্রতি আহবান জানান।

প্রফেসর এমাজউদ্দীন আহমদ মঙ্গলবার ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর আয়োজিত জীববিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগ এবং ব্যবসায় প্রশাসন, সমাজকল্যাণ ও চারুকলা ইনস্টিটিউটসমূহের নবীন ছাত্র–ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখছিলেন।

ছাত্র–শিক্ষক কেন্দ্রে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মিসেস মেহেরুন্নেসা চৌধুরী। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর শাহাদত আলী, প্রফেসর সৈয়দ ফজলে এলাহী, প্রফেসর এ জেড এম নওশের আলী খান; ডঃ মোঃ আমজাদ হোসেন, প্রফেসর মুস্তাফিজুর রহমান, ডঃ আনিসুর রহমান, প্রফেসর মুহম্মদ শফি, সৈয়দ আলমগীর জাফর, এসোসিয়েট প্রফেসর সৈয়দ রাজিয়া বেগম এবং কয়েকজন ছাত্র।

ভাইস চ্যান্সেলর তাঁর বক্তৃতায় আরও বলেন এ জাতির যা কিছু গর্ব করার মত তার সব কিছুতেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবদান আছে, ছাত্র–ছাত্রীদের মধ্যে যদি এ সম্পর্কে গর্ববোধ থাকে তবে তারা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন করে, এমন তৎপরতা থেকে বিরত থাকবে।